



112644

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/নরসিংদী-৪৩/ ৬৭৪/৪

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯
১৩ ডিসেম্বর ২০২২

বিষয়: রিট পিটিশন নং-৪৯১৩/২০২২ এ প্রদত্ত আদেশ বাস্তবায়নে বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১। জনাব মো: ইসলাম উদ্দিন প্রধান এর ০৭/০৪/২০২২ খ্রি. তারিখের আবেদন;
২। রিট পিটিশন নং-৪৯১৩/২০২২;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন কোচের চর ইসলামিয়া দাখিল মাদ্রাসার নবগঠিত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়ম বিষয়ে ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জনাব মো: ইসলাম উদ্দিন প্রধান ০৭/০৪/২০২২ তারিখে অত্র বোর্ডে আবেদন করেন। পরবর্তীতে জনাব মো: ইসলাম উদ্দিন প্রধান তাঁর ০৭/০৪/২০২২ তারিখের আবেদন বাস্তবায়নে জন্য মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৯১৩/২০২২ দায়ের করেন। রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ০৭/০৪/২০২২ তারিখের আবেদন বোর্ড কর্তৃক নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন।

০২. বর্ণিত অবস্থায়, কমিটি গঠনের অনিয়ম বিষয়ে ০৭/০৪/২০২২ তারিখের আবেদন যথাযথ নিষ্পত্তির লক্ষ্যে আগামী ২১/১২/২০২২খ্রি. তারিখ রোজ বুধবার সকাল ০৯.৩০ ঘটিকায় বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণপূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে কমিটি গঠন সংক্রান্ত সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য প্রদান করার জন্য সুপার/ভারপ্রাপ্ত সুপার, পরিচালনা কমিটির সভাপতি ও রিটকারী জনাব মো: ইসলাম উদ্দিন প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপকঃ

১. সভাপতি, কোচের চর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, মনোহরদী, নরসিংদী;
২. সুপার/ভারপ্রাপ্ত সুপার, কোচের চর ইসলামিয়া দাখিল মাদ্রাসা, মনোহরদী, নরসিংদী;
৩. জনাব মো: ইসলাম উদ্দিন প্রধান (রিটকারী), গ্রাম: কোচের চর, মনোহরদী, নরসিংদী;

নং-বামাশিবো/প্রশা/নরসিংদী-৪৩/ ৬৭৪/৪

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯
১৩ ডিসেম্বর ২০২২

সদস্য অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, নরসিংদী;
২. উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী;
৩. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরদী, নরসিংদী;
৫. পিও টু চেয়ারম্যান/পিএ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd